২০/১১/২০০৩

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ব্যাংক ঋণের দাবিতে বাকৃবি কর্মচারীরা আন্দোলনে যাচ্ছে

দীন মোহাম্মদ দীনু, বাকৃবি থেকে : নিজ বেতনের ৩৬ মাসের টাকা এককালীন ব্যাংক ঋণ হিসেবে পাওয়ার দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২ হাজার ৩০০ কর্মচারী গত ৪ মাস ধরে আন্দোলন করে আসছে। এ নিয়ে পূবালী ব্যাংক কর্তৃপক্ষ ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের সঙ্গে বৈঠকে দাবি বাস্তবায়ন না হওয়ায় কর্মচারীরা দাবি পূরণে মরণযুদ্ধে নেমেছে। ফলে চলতি মাসের ৮ তারিখ চলে গেলেও এখনো ব্যাংক থেকে কর্মচারীরা নিজ বেতন উত্তোলন করছে না। স্বল্প আয়ের কর্মচারীরা বেতন না পাওয়ায় বর্তমানে সীমাহীন কষ্টে দিন কাটাচ্ছে।

জানা যায়, ১৯৯৪ সাল থেকে কর্মচারীদের জন্য কৃষি বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ঋণ প্রথা চালু হয়। তখন কর্মচারীরা ১৮ মাসের বেতন এককালীন ব্যাংক ঋণ হিসেবে গ্রহণ করতো এবং তা ৬০ কিস্তিতে পরিশোধ হতো। পরবর্তী সময়ে ১৯৯৮ সালে এককালীন ২৪ মাসের বেতন ৮৪ কিস্তিতে পরিশোধ করার শর্ত কার্যকর হয়। এবার কর্মচারীরা ৩৬ মাসের টাকা ব্যাংক ঋণ হিসেবে গ্রহণ করে তা ১২০ কিস্তিতে পরিশোধের দাবি জানালে ব্যাংক কর্তৃপক্ষ বাধসাধে।

কর্মচারী সমিতির সভাপতি আব্দুল বারী ও সাধারণ সম্পাদক নুরুল ইসলাম জানান, কর্মচারীরা ঋণের টাকা যথাযথভাবে বেতন থেকে পরিশোধ করে আসছে, এ পর্যন্ত কোনো ঋণই খেলাপি হয়নি তাই আমাদের ব্যাংক ঋণের দাবি সম্পূর্ণ যৌক্তিক।

জানা গেছে, ব্যাংক কর্তৃপক্ষ যদি এবার ঋণ না দেয় তাহলে কর্মচারীগণ পূর্বে নেওয়া ঋণের কিস্তি প্রদান বন্ধ করে দেবে ফলে ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে বিষয়টি মামলা মোকদ্দমায় গড়াবে শেষ পর্যন্ত।